



# ইমিগ্রান্টদের হেল্থ ইনসিওরেন্স সম্পর্কে

## দ্রুত তথ্যাবলী

NY State of Health হল হেল্থ ইনসিওরেন্স এর জন্য একটি অনলাইন মার্কেটপ্লেস। মার্কেটপ্লেসে কি কি প্ল্যান রয়েছে তা দেখতে সকলের মার্কেটপ্লেসে আসা উচিত।

আপনি কোথায় জন্মেছিলেন, তা বিবেচ্য নয়। NY State of Health আপনাকে সাহায্য করতে পারে।



অনলাইনে

[nystateofhealth.ny.gov](http://nystateofhealth.ny.gov)-এ



ফোনের মাধ্যমে

1-855-355-5777 নম্বরে

TTY

1-800-662-1220

## NY State of Health সম্বন্ধে এই 4টি গুরুত্বপূর্ণ বিষয় আপনার জানা উচিত

### 1 আপনি আমাদেরকে যে তথ্য দেবেন তা কারো সঙ্গে শেয়ার করা হবে না।

আপনি NY State of Health ও তার পরামর্শদাতাদের যা বলবেন তা গোপন রাখা হবে। কোন স্বাস্থ্য পরিকল্পনা নিতে আপনি আমাদের নিকট যে তথ্য দেবেন তা অন্য কারো সঙ্গে শেয়ার করা হবে না।

### 2 আপনি বা আপনার পরিবারের সদস্যরা যেভাবেই এই দেশে এসে থাকুন না কেন, আপনি সাহায্য পাবেন।

আপনার যদি ইমিগ্রেশন সম্পর্কিত কাগজপত্র না থাকে, অথবা আপনার পরিবারের সদস্যরা বিভিন্নভাবে এই দেশে এসে থাকলেও পরিবারের সবার জন্য আপনাকে শুধুমাত্র একটি আবেদন পত্র পূরণ করতে হবে। আর আপনার অবস্থা যাই হোক না কেন, আপনি তবুও আপনার শিশুদের জন্য জরুরী মেডিকেলিড এবং সাধারণ স্বাস্থ্য বীমার আওতা ( চাইল্ড হেল্থ প্লাস ) পেতে সক্ষম হতে পারেন।

### 3 আপনি বিভিন্ন ভাষায় সাহায্য পাবেন।

- যারা ফোনের উত্তর দেন, তারা বিভিন্ন ভাষায় কথা বলেন। তারা যদি আপনার ভাষায় কথা বলতে না পারেন, তাহলে আপনাকে একজন অনুবাদক দেওয়া হবে।
- আপনার কমিউনিটির লোক যারা আপনার ভাষায় কথা বলেন, তাদেরকে আমরা প্রশিক্ষণ দিয়েছি। আপনি চাইলে আপনার বাসা বা কাজের জায়গায়ও আপনাকে সাহায্য করতে উনারা আসতে পারেন।

### 4 আপনি অনেক ধরনের সাহায্য পাবেন

আপনি অনলাইনে, ফোনে অথবা আপনার সম্প্রদায়ে মুখোমুখি সাহায্য পেতে পারেন। আমাদের প্রশিক্ষিত পরামর্শদাতারা আপনাকে কোনো স্বাস্থ্য পরিকল্পনা বেছে নেওয়া এবং তাতে নাম লেখানোর প্রতিটি ধাপে সাহায্য করবেন।

- অনলাইনে [nystateofhealth.ny.gov](http://nystateofhealth.ny.gov) এ
- ফোনের মাধ্যমে 1-855-355-5777 নম্বরে, TTY: 1-800-662-1220